রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**

**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**বুধবার, অক্টোবর ১২, ২০২২**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়**

**সংস্থাপন-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১০ আশ্বিন, ১৪২৯ বঙ্গাব্দ/২৫ সেপ্টেম্বর, ২০২২ খ্রিষ্টাব্দ

**এস.আর.ও. নং-২৯৭-আইন/২০২২।**—সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ধারা ৫৯(১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা :—

১। **শিরোনাম।**—এই বিধিমালা শ্রম অধিদপ্তর, নিম্নতম মজুরী বোর্ড, শ্রম আদালত এবং শ্রম আপীল ট্রাইব্যুনাল (কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০২২ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোনো কিছু না থাকিলে, এই বিধিমালায়,—

(ক) **'কমিশন'** অর্থ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন;

(খ) **'তফসিল'** অর্থ এই বিধিমালার কোনো তফসিল;

(গ) **'নিয়োগকারী কর্তৃপক্ষ'** অর্থ সরকার বা সরকার কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত যে কোনো কর্মচারী;

(ঘ) **'পদ'** অর্থ তফসিলে উল্লিখিত কোনো পদ;

(ঙ) **'প্রয়োজনীয় যোগ্যতা'** অর্থ সংশ্লিষ্ট পদের জন্য তফসিলে উল্লিখিত যোগ্যতা;

(চ) **‘শিক্ষানবিশ’** অর্থ কোনো স্থায়ী পদের বিপরীতে সরাসরি বা পদোন্নতির মাধ্যমে নিয়োগকৃত কোনো কর্মচারী যাহার স্থায়ীকরণ করা হয় নাই;

(ছ) **‘সিজিপিএ’** অর্থ Cumulative Grade Point Average; এবং

(জ) **‘স্বীকৃত বিশ্ববিদ্যালয়’**, **‘স্বীকৃত বোর্ড’**, **‘স্বীকৃত ইনস্টিটিউট’** বা **‘স্বীকৃত প্রতিষ্ঠান’** অর্থ আপাতত বলবৎ কোনো আইনের দ্বারা বা আইনের অধীন প্রতিষ্ঠিত কোনো বিশ্ববিদ্যালয়, বোর্ড, ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে সরকার কর্তৃক অনুমোদিত বলিয়া ঘোষিত অন্য কোনো বিশ্ববিদ্যালয়, বোর্ড, ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান।

৩। **নিয়োগ পদ্ধতি।**—(১) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ২৯(৩) অনুচ্ছেদ এর উদ্দেশ্য পূরণকল্পে, সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলি এবং তফসিলে বর্ণিত বিধান সাপেক্ষে কোনো পদে নিম্নবর্ণিত পদ্ধতিতে নিয়োগ প্রদান করা যাইবে, যথা :—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;

(খ) পদোন্নতির মাধ্যমে; এবং

(গ) প্রেষণ/পদায়নের মাধ্যমে।

(২) কোনো ব্যক্তিকে কোনো পদে নিয়োগ করিতে হইলে তজ্জন্য তাহার প্রয়োজনীয় যোগ্যতা থাকিতে হইবে, এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়সসীমার মধ্যে থাকিতে হইবে।

৪। **সরাসরি নিয়োগ।**—(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোনো পদে কোনো ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটির সুপারিশ গ্রহণপূর্বক কমিশনের আওতা বহির্ভূত কোনো পদে সরাসরি নিয়োগ করা যাইবে:

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটি মৌখিক ও লিখিত পরীক্ষার ভিত্তিতে নিয়োগের সুপারিশ করিবে, তবে ২০তম গ্রেডের কোনো পদে লিখিত পরীক্ষা গ্রহণ করা বা না করা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত হইবে।

(৩) কোনো পদে সরাসরি নিয়োগের জন্য কোনো ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন, অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন অথবা বাংলাদেশের ডমিসাইল না হন; এবং

(খ) এইরূপ কোনো ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৪) কোনো পদে সরাসরি নিয়োগ করা হইবে না, যদি—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড বা, ক্ষেত্রমত, তৎকর্তৃক মনোনীত কোনো মেডিকেল অফিসার এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোনো দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোনো ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং

(খ) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির পূর্ব-কার্যকলাপ যথাযোগ্য এজেন্সির মাধ্যমে তদন্ত করা না হয়, বা তদন্তের ফলে দেখা যায় যে, প্রজাতন্ত্রের চাকরিতে নিযুক্তির জন্য তিনি উপযুক্ত নহেন।

(৫) কোনো ব্যক্তিকে কোনো পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহ্বানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফিসহ যথাযথ ফরমে (যদি থাকে) ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন; এবং

(খ) সরকারি চাকরি বা কোনো স্থানীয় কর্তৃপক্ষের চাকরিতে নিয়োজিত থাকিয়া স্বীয় উর্ধ্বতন কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

(৬) যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে আবেদন করিয়া কোনো ব্যক্তি নিয়োগপ্রাপ্ত হইলে এবং তাহার পূর্ব চাকরিকাল শুধু পেনশন ও বেতন সংরক্ষণের জন্য গণনাযোগ্য হইবে এবং জ্যেষ্ঠতা বা অন্য কোনো আর্থিক সুবিধার জন্য উক্ত কর্মকাল গণনাযোগ্য হইবে না।

৫। **পদোন্নতির মাধ্যমে নিয়োগ।**—(১) এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত বাছাই কমিটির সুপারিশের ভিত্তিতে কোনো পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে:

তবে শর্ত থাকে যে, ১৩—১৬ গ্রেডের কোনো পদ হইতে ১০—১২ গ্রেডের কোনো পদে এবং ১০—১২ গ্রেডের কোনো পদ হইতে ৯ম বা তদূর্ধ্ব গ্রেডের কোনো পদে কমিশনের সুপারিশের ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে।

(২) কোনো ব্যক্তির চাকরি বৃত্তান্ত সন্তোষজনক না হইলে তিনি কোনো পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

(৩) অস্থায়ী পদে সংশ্লিষ্ট নিয়োগ বিধিমালার বিধান অনুযায়ী পদোন্নতি প্রদান করা যাইবে, তবে উক্ত পদোন্নতি অস্থায়ী হইবে এবং পদ স্থায়ী হইলে উক্ত পদোন্নতি স্থায়ী হইবে।

৬। **প্রেষণ/পদায়নের মাধ্যমে।**—(১) নিয়োগকারী কর্তৃপক্ষ তফসিল-ক এর ক্রমিক নম্বর ১ এ উল্লিখিত 'মহাপরিচালক' ও ক্রমিক নম্বর (২) এ উল্লিখিত 'অতিরিক্ত মহাপরিচালক', তফসিল-খ এর

ক্রমিক নম্বর (১) এ উল্লিখিত ‘সচিব’ এবং তফসিল-গ এর ক্রমিক নম্বর (১) এ উল্লিখিত ‘রেজিস্ট্রার, শ্রম আপীল ট্রাইব্যুনাল’ ও ক্রমিক নম্বর (২) এ উল্লিখিত ‘রেজিস্ট্রার, শ্রম আদালত’ পদে প্রেষণে বদলির মাধ্যমে নিয়োগ প্রদান করিতে পারিবে।

(২) নিয়োগকারী কর্তৃপক্ষ প্রয়োজনে তফসিল-খ এর ক্রমিক নম্বর (২) ও তফসিল-গ এর ক্রমিক নম্বর (৩) এ উল্লিখিত সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর পদটি পরস্পর বদলির মাধ্যমে পদায়ন করিতে পারিবে।

৭। **শিক্ষানবিশি**।—(১) কোনো স্থায়ী শূন্য পদের বিপরীতে কোনো পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিশি হিসাবে সরাসরি নিয়োগের ক্ষেত্রে স্থায়ী নিয়োগের তারিখ হইতে ২ (দুই) বৎসরের জন্য এবং পদোন্নতির ক্ষেত্রে এইরূপ নিয়োগের তারিখ হইতে ১ (এক) বৎসরের জন্য নিয়োগ করা হইবে:

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া শিক্ষানবিশির মেয়াদ এক বা একাধিকবার এইরূপে বৃদ্ধি করিতে পারিবে যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে ২ (দুই) বৎসরের অধিক না হয়।

(২) যেইক্ষেত্রে কোনো শিক্ষানবিশের শিক্ষানবিশির মেয়াদ চলাকালীন নিয়োগকারী কর্তৃপক্ষ বিবেচনা করে যে, তাহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে বা তাহার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নাই, সেইক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে শিক্ষানবিশের চাকরির অবসান ঘটাইতে পারিবে; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে তাহাকে যেই পদ হইতে পদোন্নতি প্রদান করা হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৩) শিক্ষানবিশির মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, সম্পূর্ণ হইবার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হয় যে, শিক্ষানবিশির মেয়াদ চলাকালীন কোনো শিক্ষানবিশের আচরণ ও কর্ম সন্তোষজনক, তাহা হইলে উপ-বিধি (৪) এর বিধান সাপেক্ষে, তাহাকে চাকরিতে স্থায়ী করিবে; এবং

(খ) যদি বিবেচনা করে যে, উক্ত মেয়াদকালীন শিক্ষানবিশের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে তাহার চাকরির অবসান ঘটাইতে পারিবে; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে তাহাকে যেই পদ হইতে পদোন্নতি প্রদান করা হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৪) কোনো শিক্ষানবিশকে কোনো নির্দিষ্ট পদে স্থায়ী করা হইবে না যতক্ষণ না সরকারি আদেশক্রমে, সময় সময়, যেই পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হইবে সেই পরীক্ষায় তিনি উত্তীর্ণ হন ও প্রশিক্ষণ গ্রহণ করেন:

তবে শর্ত থাকে যে, ৫০ (পঞ্চাশ) বৎসর বয়স উত্তীর্ণ কর্মচারীকে তফসিলে বর্ণিত পদের শিক্ষনবিশকাল শেষ হইবার ১ (এক) বৎসরের মধ্যে স্থায়ী হইবার ক্ষেত্রে বর্ণিত পরীক্ষা বা প্রশিক্ষণ গ্রহণ করিতে হইবে না।

(৫) অস্থায়ীভাবে সৃজিত পদে অস্থায়ীভাবে নিয়োগপ্রাপ্ত ব্যক্তি শিক্ষানবিশ হিসাবে গণ্য হইবেন, তবে অস্থায়ী পদ যেই তারিখে স্থায়ী হইবে সেই তারিখ হইতে উক্ত ব্যক্তির চাকরি স্থায়ী হইবে।

৮। **বিশেষ বিধান।**—তফসিলে উল্লিখিত কোনো পদ পূরণের ক্ষেত্রে সরাসরি ও পদোন্নতির কোটা বিভাজনে কোনো ভগ্নাংশ আসিলে উভয় কোটায় ভগ্নাংশ পূর্ণ সংখ্যা হিসাবে পদোন্নতির কোটার সহিত যুক্ত হইবে।

৯। **রহিতকরণ ও হেফাজত।**—(১) শ্রম পরিদপ্তর, নিম্নতম মজুরী বোর্ড, শ্রম আদালত এবং শ্রম আপীল আদালত (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ১৯৯৬, অতঃপর রহিত বিধিমালা বলিয়া উল্লিখিত, এতদ্দ্বারা রহিত করা হইল।

(২) উপ-বিধি (১) এর অধীন উক্তরূপ রহিতকরণ সত্ত্বেও, রহিত বিধিমালার অধীন—

(ক) গৃহীত বা কৃত কার্যক্রম এই বিধিমালার অধীন গৃহীত বা কৃত বলিয়া গণ্য হইবে;

(খ) নিয়োগপ্রাপ্ত কর্মচারী রহিত বিধিমালার তফসিলে বর্ণিত যোগ্যতা অনুযায়ী পদোন্নতিপ্রাপ্ত হইবেন; এবং

(গ) কোনো কার্যক্রম অনিষ্পন্ন থাকিলে উহা এই বিধিমালার সংশ্লিষ্ট বিধান অনুযায়ী নিষ্পত্তি করিতে হইবে।

**তফসিল-ক**

**[বিধি ২(খ), ৩(১), ৬, ৮ এবং ৯(২)(খ) দ্রষ্টব্য]**

শ্রম অধিদপ্তরের কর্মচারী নিয়োগ পদ্ধতি ও যোগ্যতা

| ক্রমিক নম্বর | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১। | মহাপরিচালক | - | প্রেষণে বদলির মাধ্যমে | অতিরিক্ত সচিব পদমর্যাদার কর্মচারী। |
| ২। | অতিরিক্ত মহাপরিচালক | - | প্রেষণে বদলির মাধ্যমে | যুগ্ম সচিব পদমর্যাদার কর্মচারী। |
| ৩। | পরিচালক | - | পদোন্নতির মাধ্যমে | (ক) উপপরিচালক পদে ৫ (পাঁচ) বৎসরের চাকরি; এবং<br>(খ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি। |
| ৪। | পরিচালক (মেডিকেল) | - | পদোন্নতির মাধ্যমে | সিনিয়র মেডিকেল অফিসার পদে ৫ (পাঁচ) বৎসরের চাকরি। |
| ৫। | উপ পরিচালক | - | পদোন্নতির মাধ্যমে | (ক) সহকারী পরিচালক, গবেষণা কর্মকর্তা, লাইব্রেরিয়ান (৯ম গ্রেড), অডিওভিজ্যুয়াল অফিসার, অডিওভিজ্যুয়াল আর্টিস্ট, পরিসংখ্যান কর্মকর্তা, হিসাব রক্ষণ কর্মকর্তা, সচিব (নিম্নতম মজুরী বোর্ড), রেজিস্ট্রার, শ্রম আপীল ট্রাইব্যুনাল বা রেজিস্ট্রার, শ্রম আদালত পদে অন্যূন ৬ (ছয়) বৎসরের চাকরি; এবং<br>(খ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যে কোনো বিষয়ে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি। |

| ক্রমিক নম্বর | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ৬। | সিনিয়র মেডিকেল অফিসার | - | পদোন্নতির মাধ্যমে | মেডিকেল অফিসার পদে ৬ (ছয়) বৎসরের চাকরি। |
| ৭। | প্রোগ্রামার | সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ৮। | সহকারী পরিচালক | ৩০ বৎসর | (ক) ৫০% পদ পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>(ক) প্রশাসনিক কর্মকর্তা পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের অথবা জনসংখ্যা ও পরিবার কল্যাণ কর্মকর্তা বা ভান্ডার কর্মকর্তা পদে ৮ (আট) বৎসরের চাকরি অথবা শ্রম কর্মকর্তা পদে ১০ (দশ) বৎসরের চাকরি; এবং<br>(খ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি অথবা দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি। |
| ৯। | গবেষণা কর্মকর্তা | ৩০ বৎসর | (ক) ৫০% পদ পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>সহকারী গবেষণা কর্মকর্তা পদে ১০ (দশ) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অর্থনীতি, পরিসংখ্যান, সমাজবিজ্ঞান, মনোবিজ্ঞান, সমাজ কল্যাণ, রাষ্ট্রবিজ্ঞান, লোক প্রশাসন বা ব্যবস্থাপনা বিষয়ে প্রথম শ্রেণি বা |

| ক্রমিক নম্বর | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| | | | (খ) ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি অথবা দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি। |
| ১০। | লাইব্রেরিয়ান (৯ম গ্রেড) | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:** লাইব্রেরিয়ান (১০ম গ্রেড) পদে ৫ (পাঁচ) বৎসরের চাকরি। **সরাসরি নিয়োগের ক্ষেত্রে:** কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গ্রন্থাগার বিজ্ঞান, তথ্য বিজ্ঞান বা গ্রন্থাগার ব্যবস্থাপনা বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি অথবা দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি। |
| ১১। | অডিওভিজ্যুয়াল অফিসার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গণযোগাযোগ ও সাংবাদিকতা বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি অথবা দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি। |
| ১২। | অডিওভিজ্যুয়াল আর্টিস্ট | ৩০ বৎসর | (ক) ৫০% পদ পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের | **পদোন্নতির ক্ষেত্রে:** আর্টিস্ট পদে ৫ (পাঁচ) বৎসরের চাকরি। **সরাসরি নিয়োগের ক্ষেত্রে:** কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে চারুকলা বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি অথবা দ্বিতীয় |

| ক্রমিক নম্বর | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| | | | মাধ্যমে; এবং (খ) ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি। |
| ১৩। | মেডিকেল অফিসার | ৩২ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ইন্টার্নশিপসহ ব্যাচেলর অব মেডিসিন, ব্যাচেলর অব সার্জারি (এমবিবিএস) বা সমমানের ডিগ্রি; এবং (খ) বাংলাদেশ মেডিকেল ও ডেন্টাল কাউন্সিল (বিএমডিসি) হইতে নিবন্ধিত। |
| ১৪। | সহকারী প্রোগ্রামার | সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ১৫। | পরিসংখ্যান কর্মকর্তা | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গণিত, পরিসংখ্যান বা অর্থনীতি বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি অথবা দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি। |
| ১৬। | হিসাবরক্ষণ কর্মকর্তা | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:** (ক) হিসাব রক্ষক পদে ১২ (বার) বৎসরের চাকরি; এবং (খ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রি। |

| ক্রমিক নম্বর | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| | | | | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে:** কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে হিসাব বিজ্ঞান বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি অথবা দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি। |
| ১৭। | প্রশাসনিক কর্মকর্তা | - | পদোন্নতির মাধ্যমে | (ক) প্রধান সহকারী বা সাঁটলিপিকার-কাম কম্পিউটার অপারেটর পদে অন্যূন ৮ (আট) বৎসরের চাকরি; এবং<br>(খ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি। |
| ১৮। | লাইব্রেরিয়ান (১০ম গ্রেড) | ৩০ বৎসর | (ক) ৬০% পদ পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) ৪০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:** লাইব্রেরি সহকারী পদে ১০ (দশ) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:** কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গ্রন্থাগার বিজ্ঞান বিষয়ে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি। |
| ১৯। | আর্টিস্ট | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে চারুকলা বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি। |

| ক্রমিক নম্বর | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ২০। | জনসংখ্যা ও পরিবার কল্যাণ কর্মকর্তা | ৩০ বৎসর | (ক) ৫০% পদ পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>কম্পিউটার অপারেটর, প্রধান সহকারী, পরিসংখ্যান সহকারী, সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর বা হিসাব রক্ষক পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি অথবা ক্যাশিয়ার, সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর, শ্রম কল্যাণ সংগঠক, ল্যাবরেটরি টেকনিশিয়ান, অডিওভিজুয়্যাল অপারেটর বা পরিবার কল্যাণ পরিদর্শিকা পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরি অথবা ফার্মাসিস্ট পদে অন্যূন ৯ (নয়) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি। |
| ২১। | ভান্ডার কর্মকর্তা | - | পদোন্নতির মাধ্যমে | প্রধান সহকারী পদে ৫ (পাঁচ) বৎসরের চাকরি। |
| ২২। | শ্রম কর্মকর্তা | ৩০ বৎসর | (ক) ৫০% পদ পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>কম্পিউটার অপারেটর, প্রধান সহকারী, সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর, পরিসংখ্যান সহকারী বা হিসাব রক্ষক পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি অথবা সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর, উচ্চমান সহকারী, শ্রম কল্যাণ সংগঠক পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি। |

| ক্রমিক নম্বর | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| | | | (খ) ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে:** কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি। |
| ২৩। | সহকারী গবেষণা কর্মকর্তা | ৩০ বৎসর | (ক) ৫০% পদ পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>পরিসংখ্যান সহকারী পদে ৩ (তিন) বৎসরের চাকরি।<br><br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অর্থনীতি, পরিসংখ্যান, সমাজ বিজ্ঞান, সমাজ কল্যাণ বা রাষ্ট্রবিজ্ঞান বিষয়ে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি। |
| ২৪। | কম্পিউটার অপারেটর | সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ২৫। | প্রধান সহকারী | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে | (ক) ক্যাশিয়ার বা উচ্চমান সহকারী পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি; এবং<br>(খ) মাইক্রোসফট অফিসসহ কম্পিউটার চালনায় দক্ষতা। |
| ২৬। | পরিসংখ্যান সহকারী | ৩০ বৎসর | (ক) ৫০% পদ পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>(ক) ক্যাশিয়ার, উচ্চমান সহকারী বা শ্রম কল্যাণ সংগঠক পদে ৩ (তিন) বৎসরের চাকরি; এবং<br>(খ) মাইক্রোসফট অফিসসহ কম্পিউটার চালনায় দক্ষতা। |

| ক্রমিক নম্বর | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| | | | (খ) ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে:** কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গণিত, পরিসংখ্যান বা অর্থনীতি বিষয়ে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি। |
| ২৭। | সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর | মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ২৮। | হিসাব রক্ষক | ৩০ বৎসর | (ক) ৭৫% পদ পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) ২৫% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>(ক) অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক বা হিসাব করণিক পদে ৭ (সাত) বৎসরের চাকরি; এবং<br>(খ) মাইক্রোসফট অফিসসহ কম্পিউটার চালনায় দক্ষতা।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ব্যবসায় শিক্ষা বিভাগে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) মাইক্রোসফট অফিসসহ কম্পিউটার চালনায় দক্ষতা। |
| ২৯। | ক্যাশিয়ার | - | পদোন্নতির মাধ্যমে | (ক) অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক বা হিসাব করণিক পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি; এবং<br>(খ) মাইক্রোসফট অফিসসহ কম্পিউটার চালনায় দক্ষতা। |
| ৩০। | সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর | মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |

| ক্রমিক নম্বর | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ৩১। | উচ্চমান সহকারী | ৩০ বৎসর | (ক) ৫০% পদ পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>(ক) অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে ৫ (পাঁচ) বৎসরের চাকরি; এবং<br>(খ) মাইক্রোসফট অফিসসহ কম্পিউটার চালনায় দক্ষতা।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) মাইক্রোসফট অফিসসহ কম্পিউটার চালনায় দক্ষতা। |
| ৩২। | শ্রম কল্যাণ সংগঠক | ৩০ বৎসর | (ক) ৫০% পদ পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক বা কেয়ারটেকার পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) মাইক্রোসফট অফিসসহ কম্পিউটার চালনায় দক্ষতা। |
| ৩৩। | ল্যাবরেটরি টেকনিশিয়ান | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে জীববিজ্ঞান বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং |

| ক্রমিক নম্বর | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| | | | | (খ) কোনো স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে প্যাথলজিক্যাল ল্যাবরেটরিতে ল্যাবরেটরি টেকনিশিয়ান হিসাবে ১ (এক) বৎসরের কাজের অভিজ্ঞতা। |
| ৩৪। | লাইব্রেরি সহকারী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গ্রন্থাগার বিজ্ঞান, তথ্য বিজ্ঞান বা গ্রন্থাগার ব্যবস্থাপনা বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রি। |
| ৩৫। | অডিওভিজুয়্যাল অপারেটর | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কোনো স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে ইলেকট্রনিক বিষয়ে অন্যূন ৬ (ছয়) মাসের ট্রেড কোর্স উত্তীর্ণ; এবং<br>(গ) কম্পিউটার অপারেটিংসহ মাল্টি মিডিয়া প্রজেক্টর চালনায় দক্ষতা। |
| ৩৬। | পরিবার কল্যাণ পরিদর্শিকা | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) কোনো স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে হাসপাতাল বা ক্লিনিকে পরিবার কল্যাণ পরিদর্শিকা হিসাবে অন্যূন ২ (দুই) বৎসর কাজের অভিজ্ঞতা। |
| ৩৭। | ফার্মাসিস্ট | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং |

| ক্রমিক নম্বর | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| | | | | (খ) কোনো স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে ফার্মাসিস্ট হিসাবে ১ (এক) বৎসরের প্রশিক্ষণসহ ১ (এক) বৎসরের কাজের অভিজ্ঞতা। |
| ৩৮। | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ৩০ বৎসর | (ক) ৫০% পদ পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>(ক) ডিসপেন্সারি এ্যাটেনডেন্ট পদে ৮ (আট) বৎসরের চাকরি অথবা অফিস সহায়ক পদে ১০ (দশ) বৎসরের চাকরি;<br>(খ) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(গ) মাইক্রোসফট অফিসসহ কম্পিউটার চালনায় দক্ষতা; এবং<br>(ঘ) কম্পিউটার এপটিচিউড পরীক্ষায় উত্তীর্ণ।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। |
| ৩৯। | ডাটা এন্ট্রি অপারেটর | সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ৪০। | হিসাব করণিক | পদটি পদোন্নতি, অবসর, মৃত্যু বা অন্য কোনো কারণে শূন্য হইলে স্বয়ংক্রিয়ভাবে বিলুপ্ত হইবে। | | |

| ক্রমিক নম্বর | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ৪১। | নার্স (পুরুষ/মহিলা) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোনো স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে নার্সিং বিষয়ে ডিপ্লোমা। |
| ৪২। | কেয়ারটেকার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) মাইক্রোসফট অফিসসহ কম্পিউটার চালনায় দক্ষতা। |
| ৪৩। | গাড়ি চালক | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) হালকা ড্রাইভিং লাইসেন্সসহ সংশ্লিষ্ট কাজে অন্যূন ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা। |
| ৪৪। | লিফটম্যান | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কোনো স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে ইলেকট্রিশিয়ান কোর্স উত্তীর্ণ; এবং<br>(গ) লিফট চালনা ও রক্ষণাবেক্ষণ কাজে অন্যূন ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা। |
| ৪৫। | স্পিড বোট চালক | পদটি পদোন্নতি, অবসর, মৃত্যু বা অন্য কোনো কারণে শূন্য হইলে স্বয়ংক্রিয়ভাবে বিলুপ্ত হইবে। | | |
| ৪৬। | ডুপ্লিকেটিং মেশিন অপারেটর | পদটি পদোন্নতি, অবসর, মৃত্যু বা অন্য কোনো কারণে শূন্য হইলে স্বয়ংক্রিয়ভাবে বিলুপ্ত হইবে। | | |

| ক্রমিক নম্বর | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ৪৭। | ডিসপেন্সারি এ্যাটেনডেন্ট | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কোনো স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে কোনো হাসপাতালে ওয়ার্ড বয় হিসাবে ১ (এক) বৎসরের কাজের অভিজ্ঞতা। |
| ৪৮। | অফিস সহায়ক | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৪৯। | আয়া (মহিলা) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) সংশ্লিষ্ট কাজে ১ (এক) বৎসরের অভিজ্ঞতা। |
| ৫০। | বাবুর্চি | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) রন্ধনে পারদর্শী। |
| ৫১। | নিরাপত্তা প্রহরী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে অষ্টম শ্রেণি বা কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

| ক্রমিক নম্বর | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ৫২। | পরিচ্ছন্নতা কর্মী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে অষ্টম শ্রেণি বা কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ, তবে মোট পদের শতকরা ৮০ (আশি) ভাগ পদ জাত হরিজন সম্প্রদায়ের প্রার্থীর জন্য সংরক্ষিত থাকিবে এবং জাত হরিজন সম্প্রদায়ের কোনো প্রার্থী পাওয়া না গেলে উক্ত পদ সাধারণ প্রার্থী হইতে পূরণ করা যাইবে। |

**তফসিল-খ**

**[বিধি ২(খ), ৩(১), ৬, ৮ এবং ৯(২)(খ) দ্রষ্টব্য]**

নিম্নতম মজুরী বোর্ডের কর্মচারী নিয়োগ পদ্ধতি ও যোগ্যতা

| ক্রমিক নম্বর | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১। | সচিব | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে;<br>তবে সরাসরি নিয়োগযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি অথবা দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি।<br>**প্রেষণে বদলির ক্ষেত্রে:**<br>সমপদমর্যাদার (গ্রেড) সরকারি কর্মচারী। |
| ২। | সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে;<br>তবে সরাসরি নিয়োগযোগ্য প্রার্থী পাওয়া না গেলে পদায়নের মাধ্যমে | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি।<br>**পদায়নের ক্ষেত্রে:**<br>তফসিল-গ এর ক্রমিক নম্বর ৩ এর বিপরীতে উল্লিখিত সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর। |
| ৩। | পরিসংখ্যান সহকারী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গণিত, পরিসংখ্যান বা অর্থনীতি বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রি। |
| ৪। | উচ্চমান সহকারী | - | পদোন্নতির মাধ্যমে | (ক) হিসাব রক্ষক পদে ৩ (তিন) বৎসর বা অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে ৫ (পাঁচ) বৎসরের চাকরি; এবং<br>(খ) মাইক্রোসফট অফিসসহ কম্পিউটার চালনায় দক্ষতা। |

| ক্রমিক নম্বর | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ৫। | হিসাব রক্ষক | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ব্যবসায় শিক্ষা বিভাগে স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) মাইক্রোসফট অফিসসহ কম্পিউটার চালনায় দক্ষতা। |
| ৬। | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>(ক) ক্যাশ সরকার পদে অন্যূন ৬ (ছয়) বৎসরের চাকরি অথবা প্রসেস সার্ভার পদে ৮ (আট) বৎসরের চাকরি অথবা অফিস সহায়ক পদে ১০ (দশ) বৎসরের চাকরি;<br>(খ) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(গ) মাইক্রোসফট অফিসসহ কম্পিউটার চালনায় দক্ষতা; এবং<br>(ঘ) কম্পিউটার এপটিচিউড পরীক্ষায় উত্তীর্ণ।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। |
| ৭। | গাড়ি চালক | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) হালকা ড্রাইভিং লাইসেন্সসহ সংশ্লিষ্ট কাজে অন্যূন ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা। |

| ক্রমিক নম্বর | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ৮। | ক্যাশ সরকার | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>অফিস সহায়ক পদে ৩ (তিন) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>কোনো স্বীকৃত বোর্ড হইতে ব্যবসায় শিক্ষা বিভাগে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৯। | প্রসেস সার্ভার | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>অফিস সহায়ক পদে ৩ (তিন) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>কোনো স্বীকৃত বোর্ড হইতে দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১০। | অফিস সহায়ক | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১১। | নিরাপত্তা প্রহরী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে অষ্টম শ্রেণি বা কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১২। | পরিচ্ছন্নতা কর্মী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে অষ্টম শ্রেণি বা কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ, তবে মোট পদের শতকরা ৮০ (আশি) ভাগ পদ জাত হরিজন সম্প্রদায়ের প্রার্থীর জন্য সংরক্ষিত থাকিবে এবং জাত হরিজন সম্প্রদায়ের কোনো প্রার্থী পাওয়া না গেলে উক্ত পদ সাধারণ প্রার্থী হইতে পূরণ করা যাইবে। |

**তফসিল-গ**

**[বিধি ২(খ), ৩(১), ৬, ৮ এবং ৯(২)(খ) দ্রষ্টব্য]**

শ্রম আপীল ট্রাইব্যুনাল ও শ্রম আদালতের কর্মচারী নিয়োগ পদ্ধতি ও যোগ্যতা

| **ক্রমিক নম্বর** | **পদের নাম** | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা** | **নিয়োগ পদ্ধতি** | **প্রয়োজনীয় যোগ্যতা** |
|---|---|---|---|---|
| **(১)** | **(২)** | **(৩)** | **(৪)** | **(৫)** |
| ১। | রেজিস্ট্রার, শ্রম আপীল ট্রাইব্যুনাল | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে;<br>তবে সরাসরি নিয়োগযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে আইন বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি অথবা আইন বিষয়ে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি।<br>**প্রেষণে বদলির ক্ষেত্রে:**<br>(ক) সমপদমর্যাদার (গ্রেড) সরকারি কর্মচারী; এবং<br>(খ) আইন বিষয়ে ডিগ্রি। |
| ২। | রেজিস্ট্রার, শ্রম আদালত | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে;<br>তবে সরাসরি নিয়োগযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে আইন বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি অথবা আইন বিষয়ে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি।<br>**প্রেষণে বদলির ক্ষেত্রে:**<br>(ক) সমপদমর্যাদার (গ্রেড) সরকারি কর্মচারী; এবং<br>(খ) আইন বিষয়ে ডিগ্রি। |

| **ক্রমিক নম্বর** | **পদের নাম** | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা** | **নিয়োগ পদ্ধতি** | **প্রয়োজনীয় যোগ্যতা** |
|---|---|---|---|---|
| **(১)** | **(২)** | **(৩)** | **(৪)** | **(৫)** |
| ৩। | সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে; তবে সরাসরি নিয়োগযোগ্য প্রার্থী পাওয়া না গেলে পদায়নের মাধ্যমে | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে:** কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি।<br>**পদায়নের ক্ষেত্রে:** তফসিল-খ এর ক্রমিক নম্বর ২ এর বিপরীতে উল্লিখিত সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর। |
| ৪। | সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর | মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ৫। | উচ্চমান সহকারী | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>(ক) অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে ৫ (পাঁচ) বৎসরের চাকরি; এবং<br>(খ) মাইক্রোসফট অফিসসহ কম্পিউটার চালনায় দক্ষতা।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) মাইক্রোসফট অফিসসহ কম্পিউটার চালনায় দক্ষতা। |

| ক্রমিক নম্বর | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ৬। | হিসাব রক্ষক-কাম-ক্যাশিয়ার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগে মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ব্যবসায় শিক্ষা বিভাগে স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) মাইক্রোসফট অফিসসহ কম্পিউটার চালনায় দক্ষতা। |
| ৭। | পেশকার (বেঞ্চ সহকারী) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) মাইক্রোসফট অফিসসহ কম্পিউটার চালনায় দক্ষতা। |
| ৮। | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ৩০ বৎসর | (ক) ৫০% পদ পদোন্নতির মাধ্যমে;<br>তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>(ক) প্রসেস সার্ভার বা জমাদার পদে অন্যূন ৮ (আট) বৎসরের চাকরি অথবা অফিস সহায়ক পদে ১০ (দশ) বৎসরের চাকরি;<br>(খ) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(গ) মাইক্রোসফট অফিসসহ কম্পিউটার চালনায় দক্ষতা; এবং<br>(ঘ) কম্পিউটার এপটিচিউড পরীক্ষায় উত্তীর্ণ।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। |

| ক্রমিক নম্বর | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ৯। | গাড়ি চালক | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) হালকা ড্রাইভিং লাইসেন্সসহ গাড়ি চালনায় অন্যূন ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা। |
| ১০। | প্রসেস সার্ভার | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে;<br>তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>অফিস সহায়ক পদে ৩ (তিন) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>কোনো স্বীকৃত বোর্ড হইতে দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১১। | জমাদার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোনো স্বীকৃত বোর্ড হইতে দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১২। | অফিস সহায়ক | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১৩। | নিরাপত্তা প্রহরী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে অষ্টম শ্রেণি বা কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

| ক্রমিক নম্বর | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১৪। | পরিচ্ছন্নতা কর্মী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে অষ্টম শ্রেণি বা কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ, তবে মোট পদের শতকরা ৮০ (আশি) ভাগ পদ জাত হরিজন সম্প্রদায়ের প্রার্থীর জন্য সংরক্ষিত থাকিবে এবং জাত হরিজন সম্প্রদায়ের কোনো প্রার্থী পাওয়া না গেলে উক্ত পদ সাধারণ প্রার্থী হইতে পূরণ করা যাইবে। |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মো: এহছানে এলাহী**
সচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
হাছিনা বেগম, উপপরিচালক, (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd